# 36897 - ইহরাম অবস্থায় চুল আঁচড়ানো কি জায়েয?

প্রশ্ন

ইহরাম অবস্থায় চিরুনী দিয়ে চুল আঁচড়ানো কি জায়েয?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

ইবনে উছাইমীন (রহঃ) বলেন:

মুহরিম ব্যক্তির চুল আঁচড়ানো অনুচিত। মুহরিম ব্যক্তির জন্য উচিত হলো তার চুল এলোমেলো ধুলিমলিন থাকা। চুল ধৌত করতে কোন অসুবিধা নাই। যদি চিরুনী করা হয় তাহলে চুল পড়ার উপক্রম হতে পারে। কিন্তু যদি মুহরিম ব্যক্তির অনিচ্ছা সত্ত্বেও চুল পড়ে যায়; মাথা চুলকানো কিংবা ঘষা দেয়া ইত্যাদি কারণে তাহলে তাতে কোন আপত্তি নেই। যেহেতু সেই ব্যক্তি চুল ফেলার ইচ্ছা করেননি। জেনে রাখা উচিত ইহরামের নিষিদ্ধ কার্যাবলী যদি ব্যক্তি ইচ্ছাভাবে না করে; ভুল বা বিস্মৃতির কারণে করে থাকে; তাহলে এতে কোন আপত্তি নেই। কেননা আল্লাহ্ তাআলা তাঁর কিতাবে বলেন: ‘আর এ ব্যাপারে তোমরা কোনো অনিচ্ছাকৃত ভুল করলে তোমাদের কোনো অপরাধ নেই; কিন্তু তোমাদের অন্তর যা স্বেচ্ছায় করেছে (তা অপরাধ), আর আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু।’[সূরা আহযাব, আয়াত: ৫] তিনি আরও বলেন: ‘হে আমাদের রব! যদি আমরা বিস্মৃত হই অথবা ভুল করি তবে আপনি আমাদেরকে পাকড়াও করবেন না।’[সূরা বাক্বারা, আয়াত: ২৮৬] আল্লাহ্ তাআলা বলেছেন যে, তিনি তা করেছেন।[সমাপ্ত]